কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় পুলিশ সদস্য নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্রাকের ধাক্কায় আনিসুর রহমান (৪৫) নামে এক পুলিশ সদস্য নিহত হয়েছেন। মঙ্গলবার (০২ ডিসেম্বর) সকালে কোটচাঁদপুর তাল মিলের সামনের সড়কে এ দুর্ঘটনা ঘটে।

জানা যায়, নিহত আনিসুর রহমান কোটচাঁদপুর থানায় ওয়ারলেস অপারেটর হিসেবে কর্মরত ছিলেন। প্রতিদিনের মতো আজ সকালেও তিনি মোটরসাইকেলে মহেশপুর থেকে থানায় আসছিলেন। পথিমধ্যে তাল মিলের সামনে পৌঁছালে রাহাত-প্রান্ত নামের একটি ট্রাক পেছন দিক থেকে ধাক্কা দিলে তিনি গুরুতর আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পথে তিনি মারা যান। নিহত আনিসুর রহমান চুয়াডাঙ্গার দর্শনা রামনগর এলাকার মহিউদ্দিনের ছেলে।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তানভির জামান বলেন, “ট্রাকের ধাক্কায় আহত পুলিশ সদস্যের মেরুদণ্ড ও পায়ে মারাত্মক আঘাত লাগে। হাসপাতালে আনার আগেই তিনি মৃত্যুবরণ করেন।” নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য থানায় হস্তান্তর করা হয়েছে বলে জানান তিনি।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর বলেন, “আনিসুর রহমান থানায় কর্মরত ছিলেন। বাসা মহেশপুর হওয়ায় সেখান থেকেই আসা-যাওয়া করতেন। সকালে থানায় আসার পথে দুর্ঘটনায় তার মৃত্যু হয়েছে।” তিনি আরও জানান, ঘটনার পর ট্রাকটি আটক করা হয়েছে।

মেহেরপুরে ট্রাকের ধাক্কায়

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আজ মঙ্গলবার (২৪ সেপ্টেম্বর) ভোর আনুমানিক ৫ টা দিকে এ ঘটনা ঘটে। নিহতরা হল, ফরিদপুর জেলার সালতা থানার বড়-কাউনিয়া গ্রামের বাসিন্দা আনিছুর রহমান (৬৫) এবং একই উপজেলার ভাওয়াল গ্রামের ফারুখ মাতুব্বর (৪৫)।

আহত ব্যক্তি একই উপজেলার ভাওয়াল গ্রামের মতিয়ার রহমান। তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে ঘটনাস্থলে দুর্ঘটনাকবলিত ট্রাকের চালককে পাওয়া যায়নি। নিহত ও আহত ব্যক্তিরা ফরিদপুর জেলার শাওতাল এলাকা থেকে কলা কিনতে মেহেরপুর যাচ্ছিলেন।

জানা যায়, সকালে ফরিদপুর থেকে ঝিনাইদহ হয়ে মিনি ট্রাকে মেহেরপুরের দিকে যাচ্ছিল চালকসহ ৪ ব্যক্তি। পথিমধ্যে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের সাধুহাটি নামক স্থানে পৌছালে স্পিডব্রেকার অতিক্রম করে সামনের দিকে থাকা একটি ট্রাকের পিছনে ধাক্কা খায়। এতে ঘটনাস্থলেই দুই জন নিহত হয়। সেসময় আহত হয় আরও এক জন। তবে সেসময় ট্রাকের চালক পালিয়ে যায়।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের পরিদর্শক তানভীর হাসান জানান, আহত ব্যক্তিকে উদ্ধার করে সদর হাসপাতালে পাঠানো হয়েছে। মৃতদেহ দুটি উদ্ধার করে পুলিশের কাছে হস্তান্তর করা হয়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ শাহীন উদ্দিন জানান, আমি দুর্ঘটনার কথা শুনেছি। সেখানে পুলিশ পাঠানো হয়েছে। সেখান থেকে লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

শৈলকুপার ভাটই বাজারে ট্রাকের ধাক্কায় যুবকের মৃ*ত্যু

ঝিনাইদহে সিমেন্ট বোঝায় ট্রাকের চাকায় পৃষ্ঠ হয়ে আবীর হোসেন
(১২) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। আজ বুধবার দুপুরে জেলার শৈলকুপার ভাটই বাজারে এ ঘটনা ঘটে। মৃত আবীর উপজেলার দুধসর চর

এলাকার শানু বিশ্বাসের ছেলে।

পুলিশ ও স্থানীয়রা জানায়, দুপুরে বাসা থেকে দাদীকে সাথে নিয়ে ভাটই বাজারে ছাগল বিক্রির জন্য এসেছিল আবীর। পথেই রাস্তার পাশে দাড়িয়ে থাকা অবস্থায় পেছনের দিক থেকে আসা একটি সিমেন্ট বোঝায় ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পরে পুলিশ নিহতের লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠায়।

ঝিনাইদহ শৈলকুপা থানার ওসি মোঃ সফিকুল ইসলাম চৌধুরী ঘটনার সত্যতা স্বীকার করে জানান, ঘাতক ট্রাক ও চালককে আটক করা হয়েছে এ বিষয়ে থানায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

ঝিনাইদহে ট্রাকের ধাক্কায় আলমসাধু চালকের মৃত্যু

ঝিনাইদহ সদরের গোপিনাথপুর এলাকায় ট্রাকের সাথে মাছ বোঝাই আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে আছাদুল (৩৫) নামের এক আলম সাধু চালকের মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার (৪ জুন) সকাল এ ঘটনা ঘটে। সে মেহেরপুর জেলার গাংনি থানার যুগীরগোফা গ্রামের তাইজুল মিস্ত্রির ছেলে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের পরিদর্শক তানভীর হাসান জানান, সকালে আলমসাধু যোগে মেহেরপুরের গাংনি এলাকা থেকে ড্রামে মাছ নিয়ে ফরিদপুরের দিকে যাচ্ছিল আছাদুল। পথিমধ্যে ঝিনাইদহের গোপিনাথপুর এলাকায় ডিঙ্গেমারা ব্রীজের সামনে পৌছালে সামনের দিক থেকে আসা একটি ট্রাকের সাথে আলমসাধুটির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ছিটকে পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পরে মৃতদেহটি পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। তবে ঘাতক গাড়ীটিকে আটক করতে পারেনি পুলিশ।

মেহেরপুরে সড়কে কেড়ে নিল দুটি তাজা প্রাণ

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের চাঁদবিলে সিমেন্ট বোঝাই ট্রাকের ধাক্কায় হাসান আলী (২৫) নামের এক যুবক ও অজ্ঞাত এক দিনমজুর নিহত হয়েছেন।

সোমবার সকাল সাড়ে ৭টার সময় সদর উপজেলার চাঁদবিলে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। নিহত হাসান আলী চাদবিল গ্রামের লিটন হোসেনের ছেলে। অপর নিহত ব্যক্তির পরিচয় পাওয়া যায়নি। অজ্ঞাত মরদেহটি মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে রাখা হয়েছে।

স্থানীয়রা জানান, ঘটনার সময় চাঁদবিল গ্রামের হাসান আলী গরুর জন্য ঘাস কাটতে এবং দিনমজুর অজ্ঞাত ব্যক্তিটি সাইকেল যোগ রাস্তার পাশ দিয়ে যাচ্ছিলেন। এসময় চুয়াডাঙ্গা থেকে মেহেরপুর গামী একটি সিমেন্ট বোঝাই ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে তাদের দুজনকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই দুজনের মুত্যু হয়। হাসানের পরিচয় সনাক্ত হওয়ায় তাকে নিজ বাড়িতে এবং অজ্ঞাত মরদেহটি উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালের মর্গে রাখা হয়।

মেহেরপুর সদর থানার ওসি শেখ কনি মিয়া জানান, অজ্ঞাত মরদেহটি সনাক্ত করার জন্য বিভিন্ন স্থানে খবর দেওয়া হয়েছে। ট্রাকের চালককে আটক করা হয়েছে এবং ট্রাকটি জব্দ করা হয়েছে।

ঝিনাইদহে ট্রাকের ধাক্কায় ভ্যানচালকসহ ২ জন নিহত

ঝিনাইদহ সদর উপজেলার হাটগোপালপুরে ট্রাকের ধাক্কায় ভ্যানচালক ও

এক যাত্রী নিহত হয়েছে। গতকাল মঙ্গলবার সন্ধ্যায় ঝিনাইদহ-মাগুরা মহাসড়কের সদর উপজেলার হাটগোপালপুর রাইচরণ-তারিণীচরণ কলেজের সামনে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলো- সদর উপজেলার পদ্মাকর ইউনিয়নের ছয়াইল গ্রামের আব্দুল শেখের ছেলে ভ্যানচালক নিপুল শেখ ও আফছার শেখের ছেলে নাজমুল হোসেন।

স্থানীয়রা জানায়, হাটগোপালপুর থেকে ব্যাটারীচালিত একটি ভ্যান যাত্রী নিয়ে ঝিনাইদহের দিকে যাচ্ছিলো। পথে কলেজের সামনে পৌঁছালে ঝিনাইদহ থেকে ঢাকাগামী একটি সবজি বোঝায় ট্রাক ভ্যানটিকে ধাক্কা দেয়। এতে ভ্যানের চালক নিপুল ও আরোহী নাজমুল গুরুতর আহত হয়। সেখান থেকে তাদের উদ্ধার করে মাগুরা সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাতে তারা মারা যায়।

মাগুরা সদর হাসপাতালের জরুরী বিভাগের চিকিৎসক মামুন-উর-রশীদ জানান, সন্ধ্যায় হাটগোপালপুর থেকে ২ জন রোগী এসেছিলো। আমরা তাদের ভর্তি করে চিকিৎসা দিচ্ছিলাম। রাতে চিকিৎসাধীন অবস্থায় তারা মারা যায়।

ঝিনাইদহ আরাপপুর হাইওয়ে থানার ওসি মোঃ মিজানুর রহমান জানান, খবর পেয়ে সেখানে পুলিশ পাঠানো হয়েছে। এঘটনায় ট্রাকটি আটক করা হলেও চালক পালিয়ে যায়। নিহতের পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে ট্রাকের ধাক্কায় মোটরসাইকেল আরোহী নিহত

ঝিনাইদহে ট্রাকের ধাক্কায় রাসেল ফেরদৌস নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছে। আহত হয়েছে আরও একজন। মঙ্গলবার দুপুরে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের নগরবাথান বাজারের পাশে এই দুর্ঘটনা ঘটে। নিহত রাসেল ফেরদৌস শৈলকুপা উপজেলার ভাটই বাজার এলাকার

তোফাজ্জেল হোসেনের ছেলে।

গরু ব্যবসায়ী আনোয়ার হোসেন জানান, চুয়াডাঙ্গা জেলার নয়মাইল বাজার থেকে ট্রাকে করে ১৬টি গরু বোঝাই করে ফরিদপুর জেলায় যাচ্ছিলাম। পথিমধ্যে নগরবাথান বাজারের পশ্চিম পাশে পৌঁছলে ট্রাকের পিছনের ডানপাশের চাকা খুলে যায়। এসময় মোটরসাইকেল যোগে আরোহীরা চুয়াডাঙ্গার দিকে যাচ্ছিলেন। ট্রাকের খুলে যাওয়া চাকায় ধাক্কা লেগে মোটরসাইকেল আরোহী ছিটকে পড়ে। মোটরসাইকেলে থাকা দুই জনের মধ্যে ঘটনাস্থলে এক জনের মৃত্যু হয় এবং আরো একজন আহত হয়। আহত অবস্থায় তাকে হাসপাতালে পাঠানো হয়েছে। পুলিশে খবর দিলে ফায়ার সার্ভিসের কর্মীরা এসে লাশটি উদ্ধার করে।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন ঘটনার সত্যতা শিকার করে বলেন, নিহতের লাশ উদ্ধার করে সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

গাংনীতে ট্রাকের ধাক্কায় একজন নিহত

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনীতে ট্রাকের ধাক্কায় আতিয়ার রহমান
(৪০) নামের এক মোটরসাইকেল আরোহি নিহত হয়েছেন।

নিহত আতিয়ার রহমান গাংনী পৌর এলাকার পশ্চিম মালসাদহ গ্রামের টেপিপাড়ার আব্দুল আজিজের ছেলে।

সোমবার মাগরিব এর সময় মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উত্তরপাড়ার তেঁতুলতলা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, আতিয়ার মোটরসাইকেল চড়ে নিজ বাড়ি থেকে গাংনী খানকাহ শরিফ মসজিদে নামাজ পড়তে যাচ্ছিলেন। তিনি গাংনী শহরে ঢুকতেই তেঁতুলতলা নামক স্থানে পৌঁছালে, সড়কের পাশে রাখা পাথরের উপর বাইসাইকেলের চাকা উঠে রাস্তার উপর পড়ে যায়।

এসময় পিছন দিক থেকে আসা একটি প্লাস্টিকবাহী ট্রাক তাকে ধাক্কা

দেয়। ওই ধাক্কায় তিনি ঘটনাস্থলেই নিহত হন।
গাংনী থানার তদন্ত ওসি মনোজিৎ নন্দি এই তথ্য নিশ্চিত করেন। নিহতের মরদেহ থানা পুলিশ উদ্ধার করেছে

আলমডাঙ্গায় ট্রাকের ধাক্কা, প্রাণ গেলো ট্রাক্টর চালকের

আলমডাঙ্গা উপজেলার কয়রাডাঙ্গায় গাড়ি ওয়ারটেক করার সময় চলন্ত ট্রাক্টরের পিছনে ট্রাকের ধাক্কা দেয়ার ঘটনা ঘটেছে।

এতে ট্রাক্টর চালক মনিরুল ইসলাম (২২) নিহত হয়েছেন। এসময় আহত হন সাদিক নামে এক ব্যক্তি। গতকাল রোববার (৩০ অক্টোবর) বিকেল ৩ টার দিকে জেলার আলমডাঙ্গা উপজেলার কয়রাডাঙ্গা গ্রামের ঈদ্গাহের নিকট এদূর্ঘটনা ঘটে।

প্রথমে স্থানীয়রা আহত অবস্থায় দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। মনিরুলের শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক রাজশাহী রেফার্ড করেন। রাতে রাজশাহী যাওয়ার পথে রাত ৯ টার দিকে তার মৃত্যু হয়।

নিহত মনিরুল ইসলাম আলমডাঙ্গা উপজেলার চিৎলা গ্রামের মাঝেরপাড়ার এনামুল হকের ছেলে। আহত সাদিকের পরিচয় তাৎক্ষনিক পাওয়া যায়নি।

এদিকে, ঘটনার পর স্থানীয়রা ট্রাকসহ চালককে আটক করে গাংনী বাজার পুলিশ তদন্ত কেন্দ্রে হস্তান্তর করে।

স্থানীয় ইউপি সদস্য মো. আনোয়ার হোসেন বলেন, রোববার বিকেলে ট্রাক্টর চালিয়ে বাড়ি আসছিল মনিরুল ইসলাম। কয়রাডাঙ্গা গ্রামের ঈদগাহের নিকট পৌছালে পিছন থেকে একটি ট্রাক ওভারটেক করতে যায়। এসময় ট্রাকের ধাক্কায় ট্রাক্টরটি পাশের একটি গাছে ধাক্কা লেগে দুমড়ে মুচড়ে যায়।

এতে গুরুতর আহত হয় মনিরুল ইসলামসহ আরও একজন ব্যক্তি। পরে স্থানীয়রা দুজনকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি

করেস। মনিরুলের শারীরিক অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী রেফার্ড করেন চিকিৎসক। রাজশাহী যাওয়ার পথে রাত ৯ টার দিকে তার মৃত্যু হয়।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সাদিয়া মা আরিজ বলেন, মনিরুলের মাথাসহ শরীরের বিভিন্নস্থানে গুরুতর জখম হয়েছে। প্রাথমিক চিকিৎসা শেষে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার পরামর্শ দেয়া হয়েছে। সাদিকের শরীরে জখম হলেও তিনি শঙ্কামুক্ত। প্রাথমিক চিকিৎসা শেষে ভর্তির পরামর্শ দেয়া হয়েছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, ট্রাকের ধাক্কায় ট্রাক্টর চালকের মৃত্যু হয়েছে। ঘটনার পর ট্রাকসহ চালককে আটক করেছে পুলিশ। অভিযোগ না থাকায় আবেদনের পেক্ষিতে সুরতহাল প্রতিবেদন শেষে ময়নাতদন্ত ছাড়ায় নিহতের মরদেহ পরিবারের নিকট হস্তান্ত করা হয়েছে। আটক ট্রাক চালককে পরিবারের জিম্মায় দেয়া হবে।